# অসুস্থ হয়ে হাসপাতালে ভর্তি হলেন বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী টুকু



বিদ্যুৎ ও জ্বালানিমন্ত্রী টুকু। ছবি: সংগৃহীত

বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদমন্ত্রী ইকবাল হাসান মাহমুদ টুকু শারীরিক অসুস্থতার কারণে রাজধানীর ইব্রাহিম কার্ডিয়াক হাসপাতালে চিকিৎসাধীন রয়েছেন।

মঙ্গলবার (১ সেপ্টেম্বর) রাত সাড়ে ১০টার দিকে তাকে হাসপাতালে ভর্তি করা হয় বলে নিশ্চিত করেছেন মন্ত্রীর ব্যক্তিগত সহকারী আব্দুল্লাহ আল কায়েস।

তিনি জানান, কয়েক দিন ধরে তীব্র জ্বরে ভুগছিলেন মন্ত্রী টুকু। তার শারীরিক অবস্থার কথা বিবেচনা করে বিশেষজ্ঞ চিকিৎসকদের পরামর্শে প্রয়োজনীয় পরীক্ষা-নিরীক্ষা ও উন্নত চিকিৎসার জন্য হাসপাতালে নেওয়া হয় তাকে।

বর্তমানে বিশেষজ্ঞ চিকিৎসকদের তত্ত্বাবধানে তার চিকিৎসা চলছে। মন্ত্রীর দ্রুত সুস্থতা কামনা করে দেশবাসীর কাছে দোয়া চেয়েছে তার পরিবার।

LENS ASIA